গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

নং: ৩৩.০২.০০০০.১০৩.০১.০০৩.০৯ (৩য়খন্ড)- ৩৮৭(২০০০)

তারিখ: ০৪/১০/২০২১ খ্রি.

বিষয়ঃ মৎস্য অধিদপ্তরের ডিপ্লোমা সনদধারী কর্মচারীদের একই পদে বেতন গ্রেড ১৪তম ও ১৬তম হতে ১১তম গ্রেডে উন্নীতকরণ ও ০১/০৭/২০১৫ তারিখের পূর্ব হতে ভোগকৃত টাইম স্কেল ও সিলেকশন গ্রেডের সুবিধা অব্যাহত রেখে উচ্চতর বেতন স্কেল/গ্রেডে বেতন নির্ধারণের অনলাইন প্রক্রিয়া চালুকরণ প্রসংগে।

সূত্র-০১। অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পত্র নং-০৭.০০.০০০০.১২০.০১৫.০০১.২০২১-৫৩ তারিখ- ১৪/০৯/২০২১
০২। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং-৩৩.০২.০০০০.১০৭.২০.০০৩.১৪-১৪৪ তারিখ-২০/০৯/২০২১

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন মৎস্য অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত এইচএসসি (বিজ্ঞানসহ) ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন ফিসারিজ (ইন সার্ভিস) সনদধারী ক্ষেত্রসহকারী, হ্যাচারি টেকনেশিয়ান, ল্যাব সহকারী, ল্যাবরেটরী টেকনেশিয়ান কাম পাম্প অপারেটর, হ্যাচারি সহকারী ও তথ্য সংগ্রহকারীদের উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণের অনলাইন প্রক্রিয়া চালুকরণে সূত্রপত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত- বর্ণনা মোতাবেক।

০৪/১০/২১


(সৈয়দ মোঃ আলমগীর)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৮৯৩৫৫
ddadmin@fisheries.gov.bd


বিতরণঃ

১. প্রকল্প পরিচালক (অতিরিক্ত পরিচালক), বাওড় মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজস্ব) আরবপুর, যশোর।
২. উপপরিচালক,মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/রাজশাহী বিভাগ, রাজশাহী/খুলনা বিভাগ, খুলনা/বরিশাল বিভাগ, ররিশাল/সিলেট বিভাগ, সিলেট/রংপুর বিভাগ,রংপুর ও ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. উপপরিচালক,মৎস্য পরিদর্শণ ও মান নিয়ন্ত্রণ ঢাকা/ চট্টগ্রাম/খুলনা।
৪. কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ঢাকা/ চট্টগ্রাম/খুলনা।
৫. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ,............................................................।
৬. জেলা মৎস্য কর্মকর্তা,....................................................................।
৭. চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৮. সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপক,.................................................
৯. কোয়ারেন্টাইন অফিসার,হযরত শাহজালার আন্তর্জাতিক বিমান বন্দর, উত্তরা, ঢাকা।
১০. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক........................................................................।
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.................................................................. ।
১২. প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। মৎস্য অধিদপ্তর এর ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
১৩. সম্প্রসারণ কর্মকর্তা, সমন্বিত মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজস্ব) উপপ্রকল্প-৩ উত্তরা, ঢাকা।
১৪. উপজেলা হিসার রক্ষণ কর্মকর্তা.........................................................................।
১৫. জনাব ..........................................................................................................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

পত্র নং- ৩৩.০২.০০০০.১০৭.২০.০০৩.১৪-১৪৪

তারিখ: ০৫ আশ্বিন ১৪২৮ / ২০ সেপ্টেম্বর ২০২১

**বিষয়ঃ মৎস্য অধিদপ্তরের ডিপ্লোমা সনদধারী কর্মচারীদের একই পদে বেতন গ্রেড ১৪তম ও ১৬তম হতে ১১ তম গ্রেডে উন্নীতকরণ ও ০১/০৭/২০১৫ তারিখের পূর্ব হতে ভোগকৃত টাইমস্কেল ও সিলেকশন গ্রেডের সুবিধা অব্যাহত রেখে উচ্চতর বেতন স্কেল/গ্রেডে বেতন নির্ধারণের অনলাইন প্রক্রিয়া চালুকরণ সংক্রান্ত।**

সূত্রঃ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র নং-০৭.০০.০০০০.১২০.০১৫.০০১.২০২১-৫৩; তারিখঃ ১৪/০৯/২০২১ খ্রিঃ।।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রমূলে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপনের পরিপ্রেক্ষিতে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মূল পত্রটির ছায়ালিপি নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মতে ১ (এক) পাতা।

(মো: মাহবুবুল হক)
উপসচিব (বাজেট)
ফোনঃ ২২৩৩৮১০০৭
E-mail: ds_budget@mofl.gov.bd

মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি:

১। উপসচিব (মৎস্য-১ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অফিস কপি।

*E:\Budget Section\Letter\Official letter.doc*

-১৯২-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট -২০ অধিশাখা
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১২০.০১৫.০০১.২০২১-৫৩ তারিখঃ ১৪/০৯/২০২১ খ্রিঃ

বিষয়ঃ মৎস্য অধিদপ্তরের ডিপ্লোমা সনদধারী কর্মচারীদের একই পদে বেতন গ্রেড ১৪তম ও ১৬তম হতে ১১তম গ্রেডে উন্নীতকরণ ও ০১/০৭/২০১৫ তারিখের পূর্ব হতে ভোগকৃত টাইমস্কেল ও সিলেকশন গ্রেডের সুবিধা অব্যাহত রেখে উচ্চতর বেতনস্কেল/গ্রেডে বেতন নির্ধারণের অনলাইন প্রক্রিয়া চালুকরণ সংক্রান্ত।

সূত্রঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং-৩৩.০২.০০০০.১০৭.২০.০০৩.১৪-১৮৩, তারিখঃ ১৭/১২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন মৎস্য অধিদপ্তর কর্তৃক মৎস্য অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত এইচ.এস.সি (বিজ্ঞান)সহ ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন ফিশারিজ (ইন-সার্ভিস) সনদধারী ক্ষেত্র সহকারী, হ্যাচারী টেকনিশিয়ান, ল্যাব সহকারী, ল্যাবরেটরী টেকনিশিয়ান কাম পাম্প অপারেটর, হ্যাচারি সহকারী ও তথ্য সংগ্রহকারীদের উন্নীত বেতনস্কেলে বেতন নির্ধারণের অনলাইন প্রক্রিয়া চালুকরণে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলঃ

শর্তাবলিঃ

(ক) প্রস্তাবিত কর্মচারীদের বেতনস্কেল উন্নীতকরণের পূর্বে (জাতীয় বেতনস্কেল, ২০১৫ জারির পূর্বে) যিনি যে সংখ্যক টাইমস্কেল/সিলেকশন গ্রেড পেয়েছেন, উন্নীত বেতনস্কেলের উপরে সেই সংখ্যক টাইমস্কেল/সিলেকশন গ্রেড গণনা করে বেতন স্কেল উন্নীতকরণের তারিখের পূর্বে (অর্থাৎ জি.ও. জারির তারিখ ০৯ নভেম্বর, ২০২০ খ্রি. তারিখের পূর্বে) আহরিত/প্রাপ্ত সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে বেতন নির্ধারণ করতে হবে। তবে ০৯ নভেম্বর, ২০২০ খ্রি. তারিখের পূর্বের কোনরূপ বকেয়া আর্থিক সুবিধা প্রদান করা যাবে না। বর্ণিত পদ্ধতিতে বেতন নির্ধারণের ক্ষেত্রে কোন কর্মচারীই প্রাপ্যতা সাপেক্ষে সর্বোচ্চ বেতনস্কেল ৭ম গ্রেডের উপরে বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হবেন না;

খ) বেতন স্কেল উন্নীতকরণের তারিখে টাইমস্কেল/সিলেকশন গ্রেডসহ নিরূপণকৃত বেতনস্কেলে কোন কর্মচারীর বর্তমান মূলবেতন উক্ত স্কেলের সর্বনিম্ন ধাপের কম হলে সর্বনিম্ন ধাপে বেতন নির্ধারণ করতে হবে;

গ) বর্তমান মূলবেতন নিরূপণকৃত স্কেলের সর্বনিম্ন ধাপের বেশী হলে এবং উক্ত স্কেলের কোন ধাপের সমান হলে সেই ধাপে বেতন নির্ধারণ করতে হবে;

ঘ) বর্তমান মূলবেতন নিরূপণকৃত স্কেলের সর্বনিম্ন ধাপের বেশী হলে এবং উক্ত স্কেলের কোন ধাপের সমান না হলে সে ক্ষেত্রে অব্যবহিত উচ্চ ধাপে বেতন নির্ধারণ করতে হবে;

(ঙ) এ সুবিধা সংশ্লিষ্ট কর্মচারীদের মধ্যে যারা এইচ.এস.সি (বিজ্ঞান) পাশসহ ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ফিশারিজ (ইন-সার্ভিস) সনদ রয়েছে শুধু তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৪/০৯/২০২১

(টি,কে,এম মোশফেকুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৬৯৭৫৩

বিতরণঃ

১। সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃ আঃ উপসচিব, বাজেট অধিশাখা)।

২। জাতীয় কর্মসূচী পরিচালক
এসপিএফএমএস কর্মসূচি
ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ শহীদ প্রকৌশলী ভবন,
আইইবি সদর দফতর (৫ম তলা), রমনা ঢাকা-১০০০।

৩। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
এজিবি (সিভিল) ভবন, সেগুনবাগিচা, ঢাকা

৪। অফিস কপি।

অনুলিপি (সদয় অবগতির জন্য)

অতিরিক্ত সচিব
বাস্তবায়ন অনুবিভাগ
অর্থ বিভাগ।